

তারিখ: 05/03/2014

রাজ্য সমবায় ব্যাঙ্ক (এসটিসিবি)/জেলাকেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক (ডিসিসিবি) কর্তৃক ব্যাঙ্ক মাশুল এবং এসএমএস সতর্কতা পাঠানোর জন্য ধার্য মাশুলের যৌক্তিকতা নিশ্চিতকরণ

আরবিআই/2013-14/513

আরপিপিডি.সিও.আরসিবি.বিসি.নং. 90/07.51.010/2013-14

মার্চ 05, 2014

সভাপতি

সকল রাজ্য/জেলা সমবায় ব্যাঙ্কসমূহ  
প্রিয় মহাশয়/মহাশয়া,

রাজ্য সমবায় ব্যাঙ্ক (এসটিসিবি)/জেলাকেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক (ডিসিসিবি) কর্তৃক ব্যাঙ্ক মাশুল এবং এসএমএস সতর্কতা পাঠানোর জন্য ধার্য মাশুলের যৌক্তিকতা নিশ্চিতকরণ

অনুগ্রহ করে 'গ্রাহক পরিষেবা-এসএমএস সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাশুল'-এর বিষয়ে অক্টোবর 29, 2013 তারিখে ঘোষিত মূদ্রানীতি বিবরণ 2013-14-এর দ্বিতীয় ত্রৈমাসিক পর্যালোচনা (সংশ্লিষ্টসার সংযোজিত)-এর অনুল্লেখ 37 দেখুন। ফেব্রুয়ারি 18, 2009 তারিখাঙ্কিত সার্কুলার আরবিআই/ডিপিএসএস.নং 1501/02.14.003/2008-09 এবং মার্চ 29, 2011 তারিখাঙ্কিত ডিপিএসএস .সিও.পিডি. 2224/ 02.14.003/ 2010-11 অনুসারে রাজ্য সমবায় ব্যাঙ্ক (এসটিসিবি)/জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিকে (ডিসিসিবি) টাকার পরিমাণ নিরপেক্ষভাবে সমস্ত ধরনের লেনদেনের জন্য, এমনকী বিভিন্ন খাতে কার্ড ব্যবহার করার জন্যও অনলাইন সতর্কতা পদ্ধতি চালু করতে হবে।

2. ব্যাঙ্কের আয়ত্রে থাকা প্রযুক্তি এবং টেলিকম পরিষেবা প্রদানকারীগণের কথা বিবেচনা করে, রাজ্য সমবায় ব্যাঙ্ক (এসটিসিবি)/জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি (ডিসিসিবি)এসএমএস সতর্কতার প্রকৃত ব্যবহারের ওপর ভিত্তি করে গ্রাহকদের কাছে মাশুল ধার্য করতে পারবেন। সেই মত, গ্রাহকদের এসএমএস সতর্কতা পাঠানোর জন্য এসটিসিবি/ডিসিসিবি কর্তৃক ধার্য মাশুলে যৌক্তিকতা এবং সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, এসটিসিবি/ডিসিসিবিগুলিকে বলা হয়েছে তাদের আয়ত্রে থাকা প্রযুক্তি ব্যবহার করতে এবং টেলিকম পরিষেবা প্রদানকারীদের নিশ্চিত করতে যে গ্রাহকদের ওপরে এই মাশুল ধার্য করা হয়েছে প্রকৃত ব্যবহারের ওপর ভিত্তি করে।

3. অধিকন্তু, প্রাথমিক ব্যাঙ্কিং পরিষেবার জন্য পরিষেবা মাশুল স্থির করা এবং তা জানানোর জন্য এসটিসিবি/ডিসিসিবি কর্তৃক গৃহীত/অনুসৃত নীতি সংযোজনীতে সূচিত হল। যেরকম 'এ্যাকশন পয়েন্ট ফর এসটিসিবি/ডিসিসিবি'-এই কলামে বলা হয়েছে সেই অনুযায়ী এসটিসিবি/ডিসিসিবিগুলি ব্যবস্থা নিতে পারেন।

4. অনুগ্রহ করে আমাদের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রাপ্তি স্বীকার করুন।

আপনার বিশ্বস্ত,

(এ উদগতা)

প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

মূদ্রানীতি 2013-14-এর দ্বিতীয় ত্রৈমাসিক পর্যালোচনা থেকে সারাংশ  
গ্রাহক পরিষেবা- এসএমএস সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাশুল

37. গ্রাহকদের এসএমএস সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাশুলে যৌক্তিকতা এবং সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, ব্যাঙ্কগুলিকে বলা হয় তাদের আয়ত্রে প্রযুক্তি এবং পরিষেবা প্রদানকারীদের ব্যবহার করে নিশ্চিত করতে যে এইসব মাশুল গ্রাহকদের ওপর ধার্য করা হয়েছে প্রকৃত ব্যবহারের ভিত্তিতে।